গাংনীতে মোটরের সুইচ চালু করতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্টে নারীর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার মাইলমারী গ্রামের চকপাড়ায় বৈদ্যুতিক মোটরের সুইচ চালু করতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আলিফা খাতুন
(৪৫) নামে এক নারীর মৃত্যু হয়েছে।

রোববার (২৫ অক্টোবর) বেলা আনুমানিক ১১টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত আলিফা খাতুন ওই গ্রামের চকপাড়ার ইন্তাদুল হকের স্ত্রী।

স্থানীয় ও পারিবারিক সূত্রে জানা গেছে, রোববার সকালে কম্বল ধোয়ার জন্য বাড়ির টিউবওয়েলের কাছে যান আলিফা খাতুন। এ সময় বৈদ্যুতিক মোটরের সুইচ চালু করতে গিয়ে তিনি বিদ্যুৎস্পৃষ্ট হন। এতে ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। বিদ্যুৎস্পৃষ্টে তাঁর দুই হাতেও পোড়া ক্ষত সৃষ্টি হয়।

আলিফা খাতুনের আকস্মিক মৃত্যুতে পরিবার ও স্বজনদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে।

পারিবারিক সূত্রে জানা গেছে, রোববার বাদ আসর মাইলমারী জান্নাতুল মাওয়ায় জানাজা শেষে স্থানীয় কবরস্থানে তাঁর মরদেহ দাফনের কথা রয়েছে।

এ বিষয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) অবগত হয়েছেন বলে জানা গেছে। ঘটনাস্থল পরিদর্শনে প্রশাসনিক কর্মকর্তাদের পাঠানো হবে বলেও জানা গেছে।

মেহেরপুরে স্কুলছাত্রীকে

ধর্ষণ, আসামির যাবজ্জীবন কারাদণ্ড

মেহেরপুর শহরের নতুন পাড়ায় এক স্কুলছাত্রীকে ধর্ষণের দায়ে মোশারফ হোসেন(৩৫) নামে এক ব্যক্তিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে তাকে ২ লাখ টাকা জরিমানা এবং অনাদায়ে আরও এক বছরের কারাদণ্ডাদেশ দেওয়া হয়েছে।

রোববার (২৫ অক্টোবর) দুপুরে মেহেরপুর শিশু ও নারী নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক ও জেলা ও দায়রা জজ মো. তাজুল ইসলাম এ রায় ঘোষণা করেন। দণ্ডপ্রাপ্ত মোশারফ হোসেন শহরের ৪ নম্বর ওয়ার্ডের নতুন পাড়ার নুরন্নেছার ছেলে।

মামলার বিবরণে জানা গেছে, ২০২৫ সালের ৮ এপ্রিল দুপুরে মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণির এক ছাত্রী নিজ বাড়িতে কাজ করছিল। এ সময় মোশারফ হোসেন ওই বাড়িতে প্রবেশ করে এবং ছাত্রীকে একা পেয়ে জোরপূর্বক ধর্ষণ করে বলে মামলায় অভিযোগ করা হয়।

পরে সন্ধ্যায় ঘরে একটি মোবাইল ফোনের রিংটোন শুনে ছাত্রীর মা আনোয়ারা খাতুন ফোনটি উদ্ধার করেন। কিছুক্ষণ পর মোশারফ এসে ফোনটি নিজের দাবি করে নিয়ে যায়। এরপর মেয়ের বারবার বাথরুমে যাওয়া-আসা দেখে সন্দেহ হলে মা তাকে জিজ্ঞাসা করেন। তখন ছাত্রী তার সঙ্গে ঘটে যাওয়া ঘটনার কথা জানায়। পরে তাকে মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

এ ঘটনায় ছাত্রীর মা আনোয়ারা খাতুন বাদী হয়ে মেহেরপুর সদর থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর ৯(১) ধারায় মামলা করেন। মামলাটির নম্বর জিআর ১১২/২০২৫ এবং শিশু নির্যাতন মামলা নম্বর ২৬/২০২৬।

তদন্ত শেষে মামলার তদন্ত কর্মকর্তা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। বিচার চলাকালে মোট ১২ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করা হয়।

সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে আসামির বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় আদালত তাকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড, দুই লাখ টাকা জরিমানা এবং অনাদায়ে আরও এক বছরের কারাদণ্ড দেন।

রাষ্ট্রপক্ষে মামলাটি পরিচালনা করেন পাবলিক প্রসিকিউটর পারভীন সুলতানা। আসামিপক্ষে ছিলেন অ্যাডভোকেট মিয়াজান আলী।

মেহেরপুরে অবসরপ্রাপ্ত প্রবীন শিক্ষক ও জামায়াত নেতা মসলিম আলী আর নেই

মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিলের অবসরপ্রাপ্ত প্রবীন শিক্ষক ও মেহেরপুর পৌর জামায়াতে ইসলামীর সাবেক আমির মসলিম আলী (৮২) ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

রোববার (২৫ অক্টোবর) মধ্যরাতে নিজ বাসভবনে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। স্ট্রোকজনিত কারণে দীর্ঘদিন ধরে তিনি বাড়িতে অবস্থান করছিলেন।

মৃত্যুকালে তিনি স্ত্রী, ৭ ছেলে, ২ মেয়ে রেখে গেছেন।

রোববার দুপুর ২টা ২০ মিনিটে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে মরহুমের জানাজা অনুষ্ঠিত হবে।

সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নান গ্রেফতার

আজ ভোর ৬টার সময় ধানমন্ডির নিজ বাসা থেকে সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানরকে গ্রেফতার করা হয়।

বিশেষ সূত্রে জানা যায় যে, গোয়েন্দা বিভাগ (ডিবি) তাকে গ্রেফতার

করেছে।

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার ডাঃ জামিনুর রহমান খান জানান, সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নান গ্রেফতারের কোনো তথ্য মেহেরপুর পুলিশের কাছে নেই, হয়তো ঢাকার কোনো মামলায় তিনি গ্রেফতার হতে পারেন।

বিস্তারিত আসছে……

পুলিশ সদস্যর ভেকু দিয়ে মাটি কাটছেন স্বেচ্ছাসেবক দল নেতা

মেহেরপুরের গহরপুরে কাজলা নদীর পাড় থেকে সরকারি মাটি অপসারণ করে বিভিন্ন ইটভাটায় নেওয়া হচ্ছে। এ কাজে ব্যবহার করা হচ্ছে মেহেরপুরে কর্মরত এক পুলিশ কনস্টেবলের এস্কেভেটর (ভেকু)। মাটি অপসারণের দায়িত্ব পাওয়া ব্যক্তি জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক এস এম ফিরোজুর রহমান ফিরোজ। তবে মাটি অপসারণের জন্য করা নিলামের মেয়াদ শেষ হয়েছে প্রায় তিন মাস আগে।

গত বৃহস্পতিবার মেহেরপুর সদর উপজেলার গহরপুর এলাকায় কাজলা নদীর পাড়ে সরেজমিনে দেখা যায়, স্তূপ করে রাখা মাটি এস্কেভেটর দিয়ে কেটে ট্রাক্টরে বোঝাই করা হচ্ছে। পরে সেসব মাটি বিভিন্ন ইটভাটায় নেওয়া হচ্ছে। এ সময় ঘটনাস্থলে পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) কোনো প্রতিনিধিকে দেখা যায়নি।

ফিরোজুর রহমান জানিয়েছেন, তাঁর নিজের ভেকু নষ্ট হয়ে যাওয়ায় বলিয়ারপুর পুলিশ ক্যাম্পে কর্মরত কনস্টেবল রবিউলের কাছ থেকে যন্ত্রটি ভাড়া নিয়েছেন।

অন্যদিকে পুলিশ সদস্য রবিউলের বিরুদ্ধে ব্যক্তিগতভাবে এস্কেভেটর ভাড়া দেওয়ার ব্যবসা পরিচালনার অভিযোগ উঠেছে। তবে তিনি এ অভিযোগ অস্বীকার করেছেন।

এস্কেভেটরচালকের সঙ্গে কথা বলে যন্ত্রটির মালিক হিসেবে কনস্টেবল

রবিউলের নাম জানা যায়। ফিরোজুর রহমানও বিষয়টি স্বীকার করেন। তিনি বলেন, আমার ভেকুটি নষ্ট হয়ে যাওয়াতে রবিউল ভাইয়ের কাছ থেকে ভেকুটি ভাড়া করে এনেছি। আগে মুজিবনগর থানায় ছিল, তখন থেকে তাঁর সঙ্গে পরিচয়।

নাম প্রকাশ না করার শর্তে মাটি ব্যবসার সঙ্গে যুক্ত একাধিক ব্যক্তি দাবি করেন, রবিউল মুজিবনগর থানায় কর্মরত থাকাকালে বিভিন্ন এলাকায় এস্কেভেটর ভাড়া দেওয়ার ব্যবসার সঙ্গে যুক্ত ছিলেন। তাঁদের দাবি, প্রায় চার বছর ধরে তিনি এ ব্যবসা করছেন।

কনস্টেবল রবিউলের সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি অভিযোগ অস্বীকার করে বলেন, আপনার মনে হয় কোথাও কোনো ভুল হচ্ছে। আপনি একটু ভালো করে খোঁজখবর নেন।

পানি উন্নয়ন বোর্ড সূত্রে জানা গেছে, কাজলা নদী পুনঃখনন প্রকল্পের আওতায় নদীর ১৩ দশমিক ৪০০ থেকে ১৩ দশমিক ৬০০ কিলোমিটার অংশ থেকে উত্তোলিত মাটি বিক্রির জন্য গত ১৫ জুন নির্দেশনা দেওয়া হয়। ‘লট নং-নিলাম-০৬/২০২৫-২৬’-এর আওতায় ৬ হাজার ৭৮৯ দশমিক ৭৫ ঘনমিটার মাটি অপসারণের জন্য সর্বোচ্চ দরদাতা হিসেবে এস এম ফিরোজুর রহমানকে নির্বাচিত করা হয়। এ জন্য তাঁর দর ছিল ১ লাখ ৩৬ হাজার ৫০০ টাকা।

সংশ্লিষ্ট সূত্রের তথ্য অনুযায়ী, ওই নিলামের মেয়াদ গত ৩০ জুলাই শেষ হয়েছে।

ফিরোজুর রহমানের দাবি, তিনি মেয়াদ বাড়ানোর জন্য আবেদন করেছেন। আগামী রোববার বা সোমবারের মধ্যে অনুমোদনের কাগজ হাতে পাবেন বলে আশা করছেন। বৃষ্টি ও নানা জটিলতার কারণে আগে কাজ শুরু করতে পারেননি বলেও জানান তিনি।

পরে তিনি এক গণমাধ্যমকর্মীকে আগের নিলামসংক্রান্ত কিছু কাগজ হোয়াটসঅ্যাপে পাঠান। পরে আরেক গণমাধ্যমকর্মীকেও একই ধরনের কাগজ পাঠান।

পানি উন্নয়ন বোর্ডের সহকারী প্রকৌশলী মোস্তাফিজুর রহমান বলেন, নিলামের মেয়াদ শেষ হওয়ার পর মাটি অপসারণ করতে উপজেলা ও জেলা কমিটির অনুমোদন প্রয়োজন।

তিনি বলেন, জেলা কমিটি অনুমোদন দিলে তবেই তারা মাটি নিতে পারবে।

তবে সেটা তারা পেয়েছে কি না, এখন পর্যন্ত আমি জানি না। আমি যতটুকু জানি, কাজটির মেয়াদ শেষ হয়ে গেছে।

নিলামের শর্ত অনুযায়ী, পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধির উপস্থিতিতে মাটি অপসারণ করতে হবে। পাশাপাশি, সরানো মাটির পরিমাণ পরিমাপ করে রেজিস্টারে লিপিবদ্ধ করার কথা। তবে সরেজমিনে সংশ্লিষ্ট কোনো প্রতিনিধির উপস্থিতি দেখা যায়নি। এতে মাটি অপসারণের অনুমোদন এবং নিলামের শর্ত যথাযথভাবে মানা হচ্ছে কি না, তা নিয়ে প্রশ্ন উঠেছে।

এ বিষয়ে বক্তব্য জানতে পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী নাঈম কামাল, উপবিভাগীয় প্রকৌশলী (ভারপ্রাপ্ত) শান্ত দত্ত ও উপসহকারী প্রকৌশলী আলমগীর হোসেনের সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাঁদের কেউ ফোন ধরেননি।

এদিকে সরকারি চাকরিতে থেকে ব্যক্তিগত ব্যবসা পরিচালনার অভিযোগের বিষয়ে মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান বলেন, আমি বিষয়টি সম্পর্কে খোঁজ নিয়ে তারপর আপনার সঙ্গে কথা বলছি। তবে আপনার আনা অভিযোগের বিষয়টি যদি সত্যি হয়ে থাকে, তাহলে অবশ্যই চাকরিবিধি অনুযায়ী তদন্ত সাপেক্ষে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে জেলা বিএনপির দিনব্যাপী বিনামূল্যে চক্ষু চিকিৎসা সেবা ক্যাম্প

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি কোলা মোড়ে জেলা বিএনপির উদ্যোগে বিনামূল্যে চক্ষু চিকিৎসাসেবা কার্যক্রম অনুষ্ঠিত হচ্ছে। শনিবার (২৪ অক্টোবর) সকাল থেকে শুরু হওয়া এ কার্যক্রম বিকেল পর্যন্ত দিনব্যাপী চলবে। এতে প্রায় ৫০০ রোগীকে চক্ষু চিকিৎসাসেবা দেওয়া হচ্ছে।

শনিবার সকালে এ কার্যক্রমের উদ্বোধন করেন মেহেরপুর জেলা বিএনপির

সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সোহরাব হোসেনসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। কার্যক্রমে রোগীদের চিকিৎসাসেবা দিচ্ছেন চিকিৎসক ডা. নাঈম।
উদ্বোধনকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “বিএনপির ৩১ দফা কর্মসূচিতে স্বাস্থ্যসেবার বিষয়টি গুরুত্বের সঙ্গে তুলে ধরা হয়েছে। সেই কর্মসূচির আলোকে সাধারণ মানুষের কাছে স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে আমাদের এ উদ্যোগ। বিশেষ করে আর্থিক সীমাবদ্ধতার কারণে যাঁরা সহজে চোখের চিকিৎসা নিতে পারেন না, তাঁদের বিনামূল্যে চিকিৎসাসেবা দেওয়ার লক্ষ্যেই এ কার্যক্রম আয়োজন করা হয়েছে।”
তিনি আরও বলেন, সাধারণ মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে এ ধরনের জনকল্যাণমূলক উদ্যোগ গুরুত্বপূর্ণ। মানুষের দোরগোড়ায় চিকিৎসাসেবা পৌঁছে দিতে ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত রাখার প্রচেষ্টা থাকবে।
আয়োজকদের উদ্যোগে দিনব্যাপী এ কার্যক্রমে প্রায় ৫০০ রোগীর চক্ষু চিকিৎসাসেবা দেওয়া হবে।

গাংনীতে ৭ কেজি গাঁজাসহ মাদক কারবারি আটক

মেহেরপুরের গাংনীতে ৭ কেজি গাঁজাসহ হাসিবুল ইসলাম (৪৬) নামের এক মাদক কারবারিকে আটক করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন-এসআরবি-১২।

শনিবার (২৪ অক্টোবর) ভোর সাড়ে ৪ টার দিকে উপজেলার নওপাড়া ক্লাব পাড়া এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক হাসিবুল ইসলাম গাংনী উপজেলার নওপাড়া গ্রামের ক্লাব পাড়ার মৃত হাবিবুর রহমানের ছেলে।

এসআরবি-১২ গাংনীস্থ ক্যাম্পের কোম্পানি কমান্ডার সহকারী পুলিশ সুপার হান্নান হাওলাদার কর্তৃক প্রেরিত প্রেস বিজ্ঞপ্তিতে জানায়,

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের নওপাড়া ক্লাবের কাছে গাঁজা নিয়ে এক ব্যক্তি অবস্থান করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়।

এ সময় হাসিবুল ইসলাম আটক করে তার কাছ থেকে ৭ কেজি গাঁজা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত গাঁজাসহ আটক ব্যক্তির বিরুদ্ধে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনের ৩৬(১) সারণির ১৯(খ) ধারায় মামলা দায়ের পুর্বক গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুর হাসপাতালে দুর্নীতি-অনিয়মের বিরুদ্ধে বিএনপির অভিযান অব্যহত

মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে দুর্নীতি, অনিয়ম ও অব্যবস্থাপনার বিরুদ্ধে কঠোর অবস্থানের কথা জানিয়েছেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। রোগীদের চিকিৎসাসেবা নিশ্চিত করা এবং ভোগান্তি কমাতে হাসপাতালের পরিবেশ পরিচ্ছন্ন ও রোগীবান্ধব রাখার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

শনিবার সকাল ৭টা থেকে হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা হয়। এ সময় জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “হাসপাতালে কোনো ধরনের দুর্নীতি, অনিয়ম ও অব্যবস্থাপনাকে প্রশ্রয় দেওয়া হবে না। রোগীরা যাতে সঠিক চিকিৎসাসেবা পান এবং কোনো ধরনের ভোগান্তির শিকার না হন, সে বিষয়ে সবাইকে সচেতন থাকতে হবে।”

তিনি আরও বলেন, হাসপাতালের পরিবেশ পরিচ্ছন্ন রাখা, চিকিৎসাসেবার মান উন্নয়ন এবং সাধারণ মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা জরুরি। জেলা বিএনপি সব সময় জনগণের পাশে ছিল, আছে এবং ভবিষ্যতেও থাকবে। মানুষের অধিকার ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে যেকোনো অনিয়মের বিরুদ্ধে সোচ্চার থাকবে জেলা বিএনপি।

এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, বিএনপি নেতা নাহিদ এনামুলসহ দলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

সবজির দাম কেজিতে কমেছে ১০ থেকে ২০ টাকা

মেহেরপুরের বাজারে গত সপ্তাহের তুলনায় চলতি সপ্তাহে বিভিন্ন ধরনের সবজির দাম কেজিপ্রতি ১০ থেকে ২০ টাকা পর্যন্ত কমেছে। তবে মাছের বাজারে দামের তেমন কোনো পরিবর্তন নেই। সবজির দাম কিছুটা কমলেও ক্রেতাদের উপস্থিতি কম থাকায় আশানুরূপ বেচাকেনা হচ্ছে না বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। অন্যদিকে, পাইকারি ব্যবসায়ীদের দোকানের সামনে খুচরা মাছ বিক্রির কারণে সাধারণ খুচরা ব্যবসায়ীরা ক্রেতা সংকটে পড়ছেন বলে অভিযোগ উঠেছে।

গতকাল শুক্রবার সকালে মেহেরপুর শহরের বিভিন্ন বাজার ঘুরে এমন চিত্র দেখা যায়। বাজারে শীতকালীন সবজির পাশাপাশি সারা বছর পাওয়া যায়—এমন সবজিও বিক্রি হচ্ছে। গত সপ্তাহের তুলনায় কিছু পণ্যের দাম কমলেও নিত্যপ্রয়োজনীয় পণ্যের দামে পুরোপুরি স্বস্তি ফিরেছে কি না, তা নিয়ে ক্রেতাদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া রয়েছে।

বাজার ঘুরে দেখা যায়, পেঁয়াজ, রসুন, কাঁচামরিচ, বেগুন, শসা, আলু, লাউ, পেঁপে, বরবটি, পটল, ঢ্যাঁড়স, ঝিঙে, করলা, কাকরোল, শিম, ফুলকপি ও মুলাসহ বিভিন্ন ধরনের সবজি বিক্রি হচ্ছে। তবে দাম কমার পরও ক্রেতাদের কেনাকাটা তুলনামূলক কম। এতে প্রত্যাশিত বেচাকেনা না হওয়ায় ব্যবসায়ীরা হতাশা প্রকাশ করেছেন।

বাজারে প্রতি কেজি পেঁয়াজ ৫০ টাকা, রসুন ১০০ টাকা, কচু ৪০ টাকা, টমেটো ১৪০ থেকে ১৫০ টাকা, কাঁচামরিচ ৫০ টাকা, বেগুন ৫০ টাকা, আদা ২০০ টাকা, শসা ৭০ টাকা, কলা ৩৫ টাকা, আলু ২৫ টাকা, লাউ ২৫ থেকে ৩০ টাকা, পেঁপে ২০ টাকা, বরবটি ৪৫ টাকা, গাজর ১৫০ টাকা, ওল ৬০ টাকা, লালশাক ৩০ টাকা, পটল ৩৫ টাকা, ঢ্যাঁড়স ৪০ টাকা, মিষ্টিকুমড়া ৫০ টাকা, ঝিঙে ৫০ টাকা, করলা ৪৫ টাকা, কাকরোল ৫০

টাকা, পুঁইশাক ২০ টাকা, শিম ১১০ টাকা, ফুলকপি ৬০ টাকা এবং মুলা ৩৫ টাকায় বিক্রি হচ্ছে।

অন্যদিকে, পাইকারি বাজারে প্রতি কেজি পেঁয়াজ ৪২ টাকা, রসুন ৮৫ টাকা, কচু ৩০ টাকা, টমেটো ১২০ টাকা, কাঁচামরিচ ৪০ টাকা, বেগুন ৪০ টাকা, আদা ১৮০ টাকা, শসা ৬২ টাকা, কলা ২৮ টাকা, আলু ১৮ টাকা, লাউ ১৭ টাকা, পেঁপে ১০ টাকা, বরবটি ৩৫ টাকা, গাজর ১৩০ টাকা, ওল ৪৫ টাকা, লালশাক ২০ টাকা, পটল ২৫ টাকা, ঢ্যাঁড়স ২৫ টাকা, মিষ্টিকুমড়া ৪০ টাকা, ঝিঙে ৩৬ টাকা, করলা ৩৫ টাকা, কাকরোল ৩৫ টাকা, পুঁইশাক ১০ টাকা, শিম ৯০ টাকা, ফুলকপি ৫০ টাকা এবং মুলা ২৭ টাকায় বিক্রি হচ্ছে।

সবজি ব্যবসায়ী মিজানুর রহমান বলেন, গত সপ্তাহের তুলনায় এ সপ্তাহে অনেক সবজির দাম কেজিপ্রতি ১০ থেকে ২০ টাকা কমেছে।

তবে বাজারে কেনাকাটার পরিমাণ খুবই কম। দাম কমলেও ক্রেতা কম থাকায় আশানুরূপ বেচাকেনা হচ্ছে না।

ব্যবসায়ী রুস্তম আলী বলেন, অন্যান্য দিনের তুলনায় শুক্রবার তাঁদের বেচাকেনা কিছুটা বেশি হয়। তবে গত সপ্তাহের তুলনায় এ সপ্তাহে সবজির দাম কমলেও বাজারে ক্রেতাদের উপস্থিতি অনেক কম। ফলে প্রত্যাশা অনুযায়ী বিক্রি হচ্ছে না।

ক্রেতা রানা মিয়া বলেন, বাজারে এখন শীতকালীন অনেক সবজি পাওয়া যাচ্ছে। এসব সবজির পাশাপাশি অন্যান্য সবজিও রয়েছে। গত সপ্তাহের তুলনায় এ সপ্তাহে সবজির দাম কিছুটা কমেছে। এতে ক্রেতারা কিছুটা স্বস্তি পাচ্ছেন।

সবজির বাজারে দাম কমলেও মাছের বাজারে তেমন কোনো পরিবর্তন দেখা যায়নি। রুই, সিলভার কার্প, তেলাপিয়া, পাঙ্গাস, গ্লাস কার্প, কাতলা, দেশি চিংড়ি, জিউল, কই ও বাটা মাছ আগের দামেই বিক্রি হচ্ছে। বিশেষ করে দেশি চিংড়ি, বড় কাতলা ও গ্লাস কার্পের দাম তুলনামূলক বেশি। ফলে মাছ কিনতে গিয়ে হিসাব করে চলতে হচ্ছে সাধারণ ক্রেতাদের।

বাজারে প্রতি কেজি রুই মাছ ৩৫০ টাকা, বড় সিলভার কার্প ২৫০ টাকা, তেলাপিয়া ২০০ টাকা, পাঙ্গাস ১৮০ টাকা, বড় গ্লাস কার্প ৩৬০ টাকা, বড় কাতলা ৪০০ টাকা, দেশি চিংড়ি ৯৫০ টাকা, জিউল মাছ ৩২০ টাকা, কই ২০০ টাকা এবং বাটা মাছ ১৮০ টাকায় বিক্রি হচ্ছে।

পাইকারি বাজারে প্রতি কেজি রুই মাছ ৩২০ টাকা, বড় সিলভার কার্প ২২০ টাকা, তেলাপিয়া ১৮০ টাকা, পাঙ্গাস ১৬০ টাকা, বড় গ্লাস কার্প ৩৩০ টাকা, বড় কাতলা ৩৫০ টাকা, দেশি চিংড়ি ৮২০ টাকা, জিউল মাছ ২৯০ টাকা, কই ১৭৫ টাকা এবং বাটা মাছ ১৬০ টাকায় বিক্রি হচ্ছে।

মাছ ব্যবসায়ী কবির মিয়া বলেন, বাজারে মাছের দাম বেশি। তাঁরা বাজার থেকে মাছ কিনে ভ্যানে করে গ্রামে গ্রামে বিক্রি করেন। কম দামে মাছ বিক্রি করলেও ক্রেতারা দাম বেশি বলে অভিযোগ করেন। বর্তমানে ব্যবসা করে তাঁরা স্বস্তিতে নেই বলেও জানান তিনি।

মাছ ব্যবসায়ী বকুল হালদার বলেন, আগে যেভাবে মাছ বিক্রি করতেন, এখন আর সেভাবে বিক্রি করতে পারছেন না। এর মধ্যে পাইকারি ব্যবসায়ীরা নিজেদের দোকানের সামনেই খুচরা মাছ বিক্রি করেন। এতে সাধারণ খুচরা ব্যবসায়ীরা ক্রেতা সংকটে পড়ছেন। বিক্রি কমে যাওয়ায় সংসার চালানো ও ব্যবসার খরচ মেটানো কঠিন হয়ে পড়েছে।

মাছের ক্রেতা সাইফুল মোল্লা বলেন, এ সপ্তাহে সবজির দাম কিছুটা কমলেও মাছের দাম গত সপ্তাহের মতোই রয়েছে। মাছ তাঁদের প্রায় প্রতিদিনের খাবারের তালিকায় থাকে। কিন্তু দাম বেশি হওয়ায় এখন নিয়মিত মাছ কেনা কঠিন হয়ে পড়ছে।

বাজারে চাল, আটা, ডাল ও চিনিসহ বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রি হচ্ছে। খুচরা বাজারে প্রতি কেজি আটাশ চাল ৫৫ টাকা, লাল স্বর্ণা চাল ৫০ টাকা, আটা ৫০ টাকা, মসুর ডাল ১২০ টাকা, কলাই ডাল ২০০ টাকা, মটর ডাল ৬০ টাকা, ছোলা ১১০ টাকা এবং চিনি ১১৫ টাকায় বিক্রি হচ্ছে।

পাইকারি বাজারে প্রতি কেজি আটাশ চাল ৪৮ টাকা, লাল স্বর্ণা চাল ৪৬ টাকা, আটা ৪৪ টাকা, মসুর ডাল ৯০ টাকা, কলাই ডাল ১৮০ টাকা, মটর ডাল ৫৫ টাকা, ছোলা ১০৫ টাকা এবং চিনি ১১০ টাকায় বিক্রি হচ্ছে।

এদিকে, মেহেরপুরের বাজারে প্রতি কেজি গরুর মাংস ৮০০ টাকা, খাসির মাংস ১ হাজার ১০০ টাকা এবং ছাগলের মাংস ৯০০ টাকায় বিক্রি হচ্ছে। এছাড়া প্রতি কেজি ব্রয়লার মুরগি ১৮০ টাকা, সোনালি মুরগি ৩০০ টাকা, লেয়ার মুরগি ৩৮০ টাকা, দেশি মুরগি ৬৫০ টাকা, চিনিহাঁস ৪৫০ টাকা, পাতিহাঁস ৩৫০ থেকে ৪০০ টাকা এবং রাজহাঁস ৪৫০ থেকে ৫০০ টাকায় বিক্রি হচ্ছে।

সব মিলিয়ে মেহেরপুরের বাজারে সবজির দাম কিছুটা কমলেও মাছের

বাজারে স্বস্তি ফেরেনি। অন্যদিকে, ক্রেতাদের উপস্থিতি ও বেচাকেনা কমে যাওয়ায় ব্যবসায়ীরাও রয়েছেন দুশ্চিন্তায়। সবজির দাম আরও কমলে এবং বাজারে ক্রেতাদের উপস্থিতি বাড়লে বেচাকেনা স্বাভাবিক হবে বলে আশা করছেন ব্যবসায়ীরা।

এনসিপির সমাজকল্যাণবিষয়ক সম্পাদক হলেন অ্যাডভোকেট সাকিল আহমাদ

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নতুন কেন্দ্রীয় কমিটিতে সমাজকল্যাণবিষয়ক সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন আইনজীবী ও তরুণ রাজনৈতিক সংগঠক অ্যাডভোকেট সাকিল আহমাদ।

এর আগে তিনি দলটির কেন্দ্রীয় যুগ্ম মুখ্য সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেছেন। নতুন এই দায়িত্বের মধ্য দিয়ে দলের সাংগঠনিক কার্যক্রমের পাশাপাশি সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে তাঁর ভূমিকা আরও বিস্তৃত হওয়ার সুযোগ তৈরি হয়েছে।

অ্যাডভোকেট সাকিল আহমাদ আইন পেশার পাশাপাশি দীর্ঘদিন ধরে রাজনৈতিক ও সাংগঠনিক কর্মকাণ্ডে সম্পৃক্ত রয়েছেন। এনসিপির কেন্দ্রীয় পর্যায়ে দায়িত্ব পালনের সময় তিনি দলটির সাংগঠনিক কার্যক্রম ও রাজনৈতিক কর্মসূচিতে সক্রিয় ভূমিকা রাখেন। পরবর্তী সময়ে মেহেরপুর জেলায় দলটির সাংগঠনিক কার্যক্রমেও নেতৃত্ব দেন।

তিনি সুপ্রিম কোর্টে আইন পেশায় যুক্ত থাকার সুবাদে আইনের শাসন, ন্যায়বিচার ও নাগরিক অধিকার প্রতিষ্ঠার বিষয়গুলো তাঁর কর্মপরিসরের গুরুত্বপূর্ণ অংশ। তিনি ল’ সেবা (Law Sheba) এবং সাকসেস ল’ একাডেমির মাধ্যমে আইনি সেবা ও আইনবিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমের সঙ্গেও সম্পৃক্ত রয়েছেন। আইন পেশায় অভিজ্ঞতা ও সাংগঠনিক দক্ষতার সমন্বয়ে জনসেবামূলক কর্মকাণ্ডে ভূমিকা রাখার প্রত্যাশা রয়েছে তাঁর।